ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩০৭৮

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

ত্রিপুরা ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস এর পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন সার্বজনীন দূর্গাপূজা কমিটি, ঘরোয়া পূজা কমিটি এবং আবাসন পূজা কমিটির জন্য নিম্নে কতগুলি শর্ত/ নির্দেশিকা ইত্যাদি উল্লেখ করা হয়েছে এবং এই নির্দেশগুলি কঠোরভাবে পালন করা বাধ্যতামূলক:-

১. কোনো লাইভ বৈদ্যুতিক লাইনের নীচে বা বৈদ্যুতিক ট্রান্সফরমার ইনস্টলেশনের পাশে কোনো কাঠামো বা প্যান্ডেল তৈরি করা বিপজ্জনক, এর কাছাকাছি প্যান্ডেল বা কাঠামো তৈরি করা যাবেনা।

২. প্যান্ডেল নির্মাণের জন্য সিন্থেটিক এবং অন্যান্য দাহ্য পদার্থের ব্যবহার এড়ানো উচিত।

৩. প্যান্ডেলের কাঠামো টিউবুলার স্টিলের ফ্রেম, সাল কাঠ বা শক্তিশালী কাঠ সঠিকভাবে পেরেক মেরে অগ্নি প্রতিরোধক দড়ি বা ধাতব তার দিয়ে বেঁধে অগ্নি পরিস্থিতি সহ্য করার জন্য কাঠামো যথেষ্ট শক্তিশালী করতে হবে।

৪. কোনো কাঠামো বা প্যান্ডেলের ছাদের উচ্চতা 40 ফুটের বেশি এবং মাটির স্তর থেকে 12 ফুটের কম হবে না।

৫. এই ধরনের কাঠামো বা প্যান্ডেলের সমস্ত দিক সহজে জরুরী স্থানান্তরের জন্য খোলা রাখতে হবে।

৬. যেকোন কাঠামো বা প্যান্ডেলের সমস্ত প্রস্থান পয়েন্ট স্পষ্টভাবে ইংরেজি ভাষাতে "EXIT" লিখার সাথে সাথে স্থানীয় ভাষায়, ৮ ইঞ্চির কম নয় এমন অক্ষরে নির্দেশিত হবে।

৭. এই ধরনের কাঠামো বা প্যান্ডেলের প্রবেশ বা প্রস্থানের সঠিক দিক নির্দেশ করার জন্য কাঠামো বা প্যান্ডেলের সুস্পষ্ট জায়গায় উপযুক্ত দিকনির্দেশক চিহ্নগুলি প্রদর্শিত করতে হবে।

8. অস্থায়ী কাঠামো বা প্যান্ডেলের সমস্ত বৈদ্যুতিক তার এবং ফিটিং পলিভিনাইল প্রলিপ্ত আবরণযুক্ত কন্ডাক্টর বা নালী টাইপ বা F.R.L,S হতে হবে যা স্পার্ক এবং flame proof প্রকৃতির হবে এবং সমস্ত জয়েন্টগুলি প্রোসেলিন ইনসুলেটেড সংযোগকারী দিয়ে তৈরি করা উচিত। বৈদ্যুতিক তারের পেঁচানো এবং ট্যাপ করা জয়েন্টগুলি এড়ানো উচিত।

৯. প্যান্ডেলে বৈদ্যুতিক সার্কিটের কোনো অংশ, কোনো ডেকোরেটিভের কাপড় বা কাগজ 12 ইঞ্চির মধ্যে থাকতে পারবে না।

১০. কাঠামো বা প্যান্ডেলের বৈদ্যুতিক লে-আউটগুলি একজন উপযুক্ত লাইসেন্সপ্রাপ্ত বৈদ্যুতিক প্রকৌশলী বা ঠিকাদার বা ফার্ম দ্বারা সঞ্চালিত করতে হবে।

১১. নিকটবর্তী বিল্ডিং/বাসস্থান থেকে প্যান্ডেলের দূরত্ব কমপক্ষে 3 মিটার হতে হবে।

১২. পাঁচটি জল ভর্তি বালতি এবং পাঁচটি বালি ভর্তি বালতি প্যান্ডেলের সামনের দিকে এবং পিছনের দিকে রাখতে হবে, একটি সিলিং হুক ও রাখতে হবে এবং প্রশিক্ষিত লোক রাখতে হবে।

১৩. প্রধান বৈদ্যুতিক প্যানেল বোর্ডের জন্য 4.5 কেজি ধারণক্ষমতা সম্পন্ন একটি $CO_2$ অগ্নি নির্বাপক যন্ত্র এবং একটি $CO_2$ অগ্নি নির্বাপক যন্ত্র যার ধারণ ক্ষমতা 4.5 কেজি এবং একটি ABC অগ্নি নির্বাপক যন্ত্র ধারণক্ষমতা 06 (six) কেজি, অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার জন্য প্রশিক্ষিত অপারেটর রাখতে হবে।

১৪. প্যান্ডেলের প্রধান প্রবেশ/ প্রস্থান পথ 02 মিটারের কম হতে পারবে না।

১৫. একটি জরুরী প্রস্থান পথ থাকতে হবে যার প্রস্থ 1.5 মিটারের কম হতে পারবে না।

১৬. জরুরী আলোর ব্যবস্থা করতে হবে।

১৭. সর্বসাধারণের দশণের পরে বৈদ্যুতিক বিতরণ রুম থেকে প্রতিদিন বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করতে হবে।

১৮. কাঠামো বা প্যান্ডেলের দিকে যাওয়ার রাস্তাটি ফায়ার ইঞ্জিনগুলির সহজ চলাচলের জন্য কোনও ওভারহেড প্রজেকশন বা বাধা থেকে মুক্ত থাকতে হবে।

১৯. কাঠামো বা প্যান্ডেলের অভ্যন্তরে ধূমপান নিষিদ্ধ করার নোটিশটি প্যান্ডেলের চারপাশে বোর্ড এবং উজ্জ্বল অক্ষর সহ স্পষ্টভাবে প্রদর্শিত করতে হবে এবং এই বিষয়ে পাবলিক অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে ঘোষণার ও ব্যবস্থা করতে হবে।

২০. এই ধরনের অস্থায়ী কাঠামো বা প্যান্ডেলে কোনো আতশবাজি, খোলা শিখা বা রান্না করা, এবং গরম করার অনুমতি দেওয়া যাবেনা।

২১. সংগঠকের একজন দায়িত্বশীল ব্যক্তিকে সর্বদা কাঠামোর জায়গায় বা প্যান্ডেলের কাছে উপলব্ধ করতে হবে। যাতে জরুরি অবস্থায় ফায়ার সার্ভিসকে অবহিত করা যায় এবং ফায়ার ব্রিগেডের সাথে সহযোগিতা করতে পারে।

২২. জরুরী টেলিফোন নম্বর যেমন ফায়ার সার্ভিস, পুলিশ, অ্যাম্বুলেন্স, প্যান্ডেল প্রাঙ্গনে প্রদর্শন করতে হবে।

২৩. পূজা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পর্যাপ্ত স্বেচ্ছাসেবকদের নিয়োজিত করতে হবে।

২৪. অধিকর্তা (ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস) দ্বারা মনোনীত অফিসার পরিস্থিতির অনুযায়ী, আরও যে কোনও শর্ত আরোপ করতে পারেন এবং পূজা কমিটি তা মানতে বাধ্য থাকবেন।

২৫. প্রস্তাবিত অস্থায়ী কাঠামো বা প্যান্ডেলটি ফায়ার সার্ভিস ডিপার্টমেন্টের অফিসিয়াল দের পরিদর্শনের জন্য সর্বদা উন্মুক্ত করতে হবে। ত্রিপুরা ফায়ার এন্ড ইমারজেন্সি সার্ভিসের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******